গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও
www.haripur.thakurgaon.gov.bd

স্মারক নং ঃ- ০৫.৫৫.৯৪৫১.০০০.১১.০০১.১৮- ৮৩ তারিখ ঃ ২২ -০২-২০১৮খ্রিঃ।

## হরিপুর উপজেলাধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হরিপুর উপজেলার নিম্নলিখিত হাট-বাজার বাংলা ১৪২৫ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত একসনা মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের জন্য নির্ধারিত ফরমে সীলমোহরকৃত দরপত্র নিম্নবর্ণিত তারিখে ১ম হতে ৫ম দফায় আহবান করা যাচ্ছে। শর্ত সম্বলিত দরপত্র ফরম (সিডিউল) তফসিলে বর্ণিত তারিখ অনুযায়ী (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) অফিস, হরিপুর থানা, সোনালী ব্যাংক, হরিপুর শাখা হতে নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে।

দরপত্র সমূহ নির্ধারিত তারিখে বেলা ১০-০০টা হতে ০১-০০টা পর্যন্ত জেলা প্রশাসক, ঠাকুরগাঁও কার্যালয়, পুলিশ সুপার, ঠাকুরগাঁও কার্যালয়, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) হরিপুর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে এবং একই দিন বেলা ৩-০০ টায় দরপত্র দাতাদের সম্মুখে দরপত্র খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। উল্লেখ্য হাট-বাজার ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

| ক্রঃ নং | হাটের নাম | হাট-বাজারের অবস্থান (ইউনিয়ন) | ০৬% বৃদ্ধিতে সরকারি মূল্য | সিডিউলের মূল্য | দরপত্র ক্রয়ের শেষ তারিখ (সকল হাটের) | দরপত্র দাখিলের তারিখ (সকল হাটের) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | আটঘরিয়া হাট | ১নং গেদুড়া | ৯,৪৫১/৬৮ | ৫০০/- | ১ম পর্যায় | ১ম পর্যায় |
| ০২ | মন্নাটলি হাট | ১নং গেদুড়া | ২৩,৩৭৩/- | ৫০০/- | ০৬-০৩-২০১৮ খ্রিঃ | ০৮-০৩-২০১৮ খ্রিঃ |
| ০৩ | জামুন হাট | ২নংআমগাঁও | ২৬,৪২৯/৩৩ | ৫০০/- | | |
| ০৪ | আমগাঁও হাট | ২নং আমগাঁও | ১৬,৫৬০/৭৩ | ৫০০/- | ২য় পর্যায় | ২য় পর্যায় |
| ০৫ | যাদুরাণী হাট | ২নং আমগাঁও | ১,৩৭,৫১,২০৩/৩৩ | ২৮,২০০/- | ১৩-০৩-২০১৮ খ্রিঃ | ১৫-০৩-২০১৮ খ্রিঃ |
| ০৬ | ফুটানি হাট | ২নং আমগাঁও | ৪,৬০২/৫২ | ৫০০/- | | |
| ০৭ | ধীরগঞ্জ হাট | ৩নং বকুয়া | ৩,৪৮,৭৪০/- | ১,৪০০/- | ৩য় পর্যায় | ৩য় পর্যায় |
| ০৮ | পীরহাট | ৩নং বকুয়া | ৩,৯২২/- | ৫০০/- | ২০-০৩-২০১৮ খ্রিঃ | ২২-০৩-২০১৮ খ্রিঃ |
| ০৯ | চাপধা হাট | ৩নং বকুয়া | ৯,৬৬৪/০২ | ৫০০/- | | |
| ১০ | চৌরঙ্গী হাট | ৪নং ডাঙ্গীপাড়া | ২৬,৬৩৭/৮০ | ৫০০/- | ৪র্থ পর্যায় | ৪র্থ পর্যায় |
| ১১ | শিহিপুর হাট | ৪নং ডাঙ্গীপাড়া | ২৮৬/২০ | ৫০০/- | ২৯-০৩-২০১৮ খ্রিঃ | ০১-০৪-২০১৮ খ্রিঃ |
| ১২ | কালিগঞ্জ হাট | ৫নং হরিপুর | ৮,৩২,৪৫৩/৩৩ | ২,৪০০/- | | |
| ১৩ | তোররা হাট | ৫নং হরিপুর | ৪৫,৫৬০/৯২ | ৫০০/- | ৫ম পর্যায় | ৫ম পর্যায় |
| ১৪ | মশানগাঁও হাট | ৫নং হরিপুর | ২,৫৭০/৫০ | ৫০০/- | ০৫-০৪-২০১৮ খ্রিঃ | ০৯-০৪-২০১৮ খ্রিঃ |
| ১৫ | হরিপুর নতুন হাট | ৫নং হরিপুর | ৪৬,৫৩৪/- | ৫০০/- | | |
| ১৬ | কাঠালডাঙ্গী হাট | ৬নং ভাতুরিয়া | ৮,৩২,৩১২/- | ২,৪০০/- | | |
| ১৭ | ভাতুরিয়া হাট | ৬নং ভাতুরিয়া | ১৩,২৭১/২০ | ৫০০/- | | |
| ১৮ | নুরপুর হাট | ৬নং ভাতুরিয়া | ১২৭/২০ | ৫০০/- | | |

বর্ণিত সময়সূচী মোতাবেক ১ম পর্যায়/তারিখে যে সকল হাটের দরপত্র গৃহিত হবে না বা দরপত্র পাওয়া যাবে না ২য় পর্যায়/তারিখে শুধুমাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে এবং একই ভাবে ৩য়, ৪র্থ ও ৫ম পর্যায়/তারিখে দরপত্র গ্রহণ করা হবে। এজন্য আলাদা কোন বিজ্ঞপ্তি জারী করা হবে না।

এছাড়া প্রয়োজনীয় অন্যান্য বিস্তারিত তথ্য ও শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর হতে অফিস চলাকালীন জানা যাবে। দরপত্রের সাথে বিস্তারিত শর্তাবলী সংযুক্ত রয়েছে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং ইজারা সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

22.02.18

এম. জে. আরিফ বেগ
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।
22/2/18

Hat-Bazar.d.11.001.18

শর্তাবলী ঃ

(০১) প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে।

(০২) প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর , ঠাকুরগাঁও বরাবরে উদ্ধৃত দরের শতকরা ৩০ভাগ অর্থ ব্যাংক ড্রাফট / পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫ ভাগ অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫ ভাগ অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্নতা না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমা কারীর বরাবরে ফেরৎ দেয়া হবে।

(০৩) <u>**অনুমোদিত দরপত্র দাতাকে পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে বাকী শতকরা ৭৫ভাগ অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।**</u>

(০৪) ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ৫% হারে আয়কর চালানের মাধ্যমে কোড নং ০১-১১৪১-০০০০-০১১১ খাতে জমা দিতে হবে।

(০৫) ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের ১৫% হারে মূল্য সংযোজন কর(ভ্যাট) ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং ০১-১১৩৩-০০০০-০৩১১ খাতে জমা করতে হবে

(০৬) হাট-বাজার সমূহের পরিস্কার পরিচ্ছন্নতার দায়-দায়িত্ব হাটের ইজারাদারকে বহন করতে হবে।

(০৭) সরকারি ভাবে নির্ধারিত টোল রেটের মধ্যে টোল আদায় করতে হবে। কোন ভাবেই অধিক হারে টোল আদায় করা যাবে না। ইজারা গ্রহীতাকে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে টোল আদায় হারের তালিকা সংগ্রহ করতে হবে।

(০৮) ইজারা লাভের পর পরই টোল আদায়ের সরকারি হার সাইন বোর্ড আকারে ইজারা গ্রহীতাকে হাটের প্রকাশ্য স্থানে টাংগিয়ে দিতে হবে।

(০৯) গৃহিত দরের সমুদয় টাকা এবং অন্যান্য করের টাকা যথাসময়ে পরিশোধের পর ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তিপত্র সম্পাদন করে হাট-বাজারের দখল গ্রহণ করতে হবে। চুক্তি সম্পাদনের পূর্ব পর্যন্ত সরকারি খাস আদায় করা হবে।

(১০) ইজারার মেয়াদ শেষ হলে হাটের দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের নিকট বর্তাবে। সরকারি কর্মকর্তাদের হাট-বাজার পরিদর্শন করার অধিকার সমুন্নত থাকবে।

(১১) ইজারা কৃত হাট-বাজার অন্যের নিকট সাব ইজারা দিতে পারবেন না। যদি কোন শর্ত ভংগের বিষয় প্রমানিত হয় তবে তার ইজারা বাতিল করা হবে।

(১২) ইজারাদার হাট-বাজারে কোন প্রকার অবৈধ দোকান-পাট তৈরি করতে পারবেন না বা তৈরির আদেশ দিতে পারবেন না। দোকান পাট তৈরি করা হলে শর্ত লংঘনের পর্যায় পড়বে।

(১৩) দরপত্রের তথ্যাদি স্পষ্টভাবে লিখতে হবে। কোন প্রকার ঘষামাজা এবং অস্পষ্টতা থাকলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে এবং দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

(১৪) জামানত বিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

(১৫) হাট-বাজার সংক্রান্ত সরকার কর্তৃক সময় সময় আরোপিত বিধি বিধান আলোচ্য ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(১৬) দরপত্র দাখিলের দিনে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

(১৭) ১ম অথবা যে কোন দফায় হাট-বাজারের দরপত্র অনুমোদিত হলে সেই সকল হাট-বাজারের দরপত্র সিডিউল পরবর্তীতে বিক্রয় করা হবে না।

স্বাক্ষরিত/-
এম. জে. আরিফ বেগ
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

স্মারক নং ঃ ০৫.৫৫.৯৪৫১.০০০.১১.০০১.১৮- ৭০ (৭৩) তারিখ ঃ ২২-০২-২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল–

০১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

০২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর , ঠাকুরগাঁও।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর / পীরগঞ্জ / রাণীশংকৈল / বালিয়াডাঙ্গী , ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তি টি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

০৫। সহকারী কমিশনার (ভূমি), হরিপুর / ঠাকুরগাঁও সদর / পীরগঞ্জ / রাণীশংকৈল / বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও। বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

০৬। উপজেলা.........................কর্মকর্তা(সকল), হরিপুর , । বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

০৭। অফিসার ইনচার্জ, হরিপুর থানা। তাঁকে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েন করার জন্য অনুরোধ করা হ'ল।

০৮। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, হরিপুর শাখা, ঠাকুরগাঁও।

০৯। চেয়ারম্যান .........................(সকল) ইউপি, হরিপুর । তাঁর এলাকার হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে প্রচার করার জন্য অনুরোধ করা হল।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..................................ইউনিয়ন ভূমি অফিস, হরিপুর, ঠাকুরগাঁও। তাঁর এলাকার হাট-বাজারে ব্যাপক প্রচার করতঃ দরপত্র গ্রহণের নির্ধারিত তারিখের পূর্বে প্রচার প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হল।

১১। জনাব ..................................................ইজারাদার.............................................হাট/বাজার হরিপুর , ঠাকুরগাঁও।

১২। সম্পাদক, দৈনিক ...................................................................। তাঁকে উপরোল্লিখিত বিজ্ঞপ্তিটি তার বহুল প্রচারিত পত্রিকায় ০১ (এক) দিন স্বল্প পরিসরে (৩ কলাম ইঞ্চি × ১০ ইঞ্চি) প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল। উল্লেখ্য যে, বিল প্রাপ্তি সাপেক্ষে পরিশোধ করা হবে।

১৩। অফিস কপি।

২২.০২.১৮
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।
২২/২/১৮

Hat-Bazar.d.11.001.18